

জাবিতে ভিসি ও প্রো-ভিসি পদে এগিয়ে যারা

জাবি প্রতিনিধি



ছবি : কালের কণ্ঠ

দেশের নতুন সরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে প্রশাসনিক পদে পরিবর্তন শুরু করেছে। ইতিমধ্যে একসঙ্গে দেশের ৭টি বিশ্ববিদ্যালয়ে ভিসি নিয়োগ দিয়েছে সরকার। সাতটি বিশ্ববিদ্যালয়ের শীর্ষ পদে রদবদল হলেও পরিবর্তনের বাইরে রয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি)। তবে নতুন করে শুরু হয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রো-ভিসি এবং কোষাধ্যক্ষ পদ পরিবর্তনের গুঞ্জন।

বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট একাধিক সূত্র জানায়, এসব পদে জাবির কয়েকজন বিএনপিপন্থী

শিক্ষক আলোচনায় রয়েছেন। তাদের মধ্যে ফার্মেসি বিভাগের অধ্যাপক মোহাম্মদ মাফরুহী সান্তোর, পরিবেশ বিভাগের অধ্যাপক মো. জামালউদ্দিন, দর্শন বিভাগের অধ্যাপক মোস্তফা নাজমুল মনসুর, বাংলা বিভাগের অধ্যাপক শামীমা সুলতানা, সরকার ও রাজনীতি বিভাগের অধ্যাপক মো. শামসুল আলম এবং গণিত বিভাগের অধ্যাপক মো. নজরুল ইসলামের নাম উল্লেখযোগ্য।

জানা যায়, এর মধ্যে সবচেয়ে আলোচনায় রয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম। তিনি বর্তমানে ইউনিভার্সিটি টিচার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (UTAB)-এর যুগ্ম মহাসচিব এবং জাবি জাতীয়তাবাদী শিক্ষক ফোরামের সাংগঠনিক সম্পাদক।

এ ছাড়া তিনি জিয়াউর রহমান ফাউন্ডেশনের (ZRF) ঢাকা বিভাগের মনিটর হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি ২০০২ থেকে ২০০৮ সাল পর্যন্ত তিনি সহকারী প্রক্টর এবং হাউজ টিউটরের দায়িত্ব পালন করেছেন। ২০২৪ সাল থেকে তিনি ফাজিলাতুন্নেসা হলের প্রাধ্যক্ষ এবং ২০২৪-২৫ সেশনে বিশ্ববিদ্যালয়ের প্রাধ্যক্ষ

কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছেন। বর্তমানে তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (২০১৭ থেকে) এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের (২০২৫ থেকে) নির্বাচিত সিনেট সদস্য।

এ ছাড়া দীর্ঘ ১৭ বছর ধরে ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে সম্পৃক্ত থাকার পাশাপাশি জুলাই গণ-অভ্যুত্থানেও সম্মুখ সারি থেকে নেতৃত্ব দিয়েছেন তিনি। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে প্রগতিশীল রাজনৈতিক অবস্থানের কারণে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রায়ই জামায়াত-শিবির সংশ্লিষ্ট মহলের আক্রোশের মুখোমুখি হতে হয়েছে তাঁকে।

এ ছাড়া আলোচনায় থাকা অধ্যাপক মোহাম্মদ মাফরুহী সান্তার, অধ্যাপক শামীমা সুলতানা এবং অধ্যাপক মো. নজরুল ইসলাম অনিয়মের অভিযোগ তুলে জাকসু নির্বাচনে নির্বাচন কমিশনার ও পর্যবেক্ষকের দায়িত্ব পালন থেকে সরে দাঁড়ান।

অন্যদিকে, অধ্যাপক মো. জামালউদ্দিন ও অধ্যাপক মোস্তফা নাজমুল মনসুর ছাত্রজীবন থেকেই ছাত্রদলের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত।

অধ্যাপক মাফরুহী সাত্তার জাবি জাতীয়তাবাদী
শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী পরিষদের আহ্বায়ক
এবং অধ্যাপক মোস্তফা নাজমুল মনসুর জাবি
জিয়া পরিষদের আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন
করছেন।

সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, শিক্ষা, প্রশাসন ও
রাজনৈতিক অঙ্গনে সক্রিয় ভূমিকার কারণে
জাবির শীর্ষ প্রশাসনিক পদে উপরোক্ত
শিক্ষকদের অগ্রাধিকার দেওয়া হতে পারে।

উল্লেখ্য, এর আগে দেশের ৭টি শীর্ষ
বিশ্ববিদ্যালয়ে ভিসি নিয়োগ দিয়েছে সরকার।
গত ১৬ মার্চ শিক্ষা মন্ত্রণালয়ে এক সংবাদ
সম্মেলনে এ তথ্য নিশ্চিত করেন শিক্ষা এবং
প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক
মিলন। এর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য
হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক এ বি এম
ওবায়দুল ইসলাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে
অধ্যাপক রইস উদ্দিন, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে
ছিদ্দিকুর রহমান খান, ঢাকা সেন্ট্রাল
বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক নুরুল ইসলাম এবং
খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (কুয়েট)
অধ্যাপক মোহাম্মদ মাসুদ, চট্টগ্রাম
বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক মো. আল ফোরকান ও

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে উপাচার্য হিসেবে
নিয়োগ পেয়েছেন অধ্যাপক ফরিদুল ইসলাম।
একই সঙ্গে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনেও
পরিবর্তন আনা হয়েছে। অধ্যাপক ড. এস এম
এ ফায়েজ পদত্যাগ করায় তার জায়গায় নতুন
চেয়ারম্যান হয়েছেন অধ্যাপক ড. মামুন
আহমেদ।